গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের কার্যালয়
জীবননগর, চুয়াডাঙ্গা।
Jibannagar @uhfpo.dghs.gov.bd

জীবননগর উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান সম্পর্কীত স্থায়ী কমিটির সভার কার্যবিবরনী।
সভাপতি ঃ- মোঃ আঃ সালাম , ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
স্থানঃ- উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার সভা কক্ষ, জীবননগর, চুয়াডাঙ্গা।
তারিখঃ- ২৪/০৭/২০২৩ ইং, রোজঃ-সোমবার, সময়ঃ- বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিতি- পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

আলোচ্য সূচীঃ

০১। জনবল সংক্রান্ত আলোচনা( নিরাপত্তা প্রহরী, কুক ও আয়া)।
০২। X-Ray মেশিন সংক্রান্ত আলোচনা।
০৩। প্রধান ফটকে নিয়ন সাইন স্থাপন সংক্রান্ত আলোচনা।
০৪। পরিবার পরিকল্পনা সংক্রান্ত আলোচনা।
০৫। বিবিধ।

আলোচনা ও সিদ্ধান্ত সমুহ

অদ্য ২৪/০৭/২০২৩ ইং রোজ সোমবার বেলা ১১.০০ ঘটিকার সময় উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা , জীবননগর, চুয়াডাঙ্গা-এর সভাকক্ষে জনাব মোঃ আঃ সালাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা-এর সভাপতিত্বে উপজেলা পরিষদের স্বাস্থ্য ও পরিবার কল্যান সম্পর্কীত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় উপস্থিত সদস্য বৃন্দকে ভাষার মাসে সকল শহিদের আত্মার মাগফেরাত কামনা করে সভার কাজ শুরু করেন।

সভায় গত সভার রেজুলেশন পাঠ করা হয় এবং কোন সংশোধনী বা পরিবর্তন না থাকায় সর্ব সম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর সভাপতি মহোদয় আলোচ্য সূচী আনুযায়ী নিম্নের আলোচনা শুরু করেন।

**০১। জনবল সংক্রান্ত ঃ** উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা সভায় জানান বর্তমানে অত্র স্বাস্থ্য কমপ্লেক্সে নিরাপত্তা প্রহরী, কুক ও আয়া পদ শুন্য থাকায় সেবা গ্রহীতাদের যথাযথ সেবা প্রদান করা সম্ভব হয়না এবং প্রায়ই অনাকাঙ্খিত ঘটনা ঘটে। বিষয়টি সমাধানের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন। সভাপতি মহোদয় জনস্বার্থে বিষয়টি সমাধানের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করার সিদ্ধান্ত প্রদান করেন।

**০২। X-Ray মেশিন সংক্রান্ত ঃ** সভায় সভাপতি মহোদয় X-Ray মেশিন বিষয়ে সর্বশেষ অবস্থা সম্পর্কে জানতে চাইলে সদস্য সচিব ও উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা ডাঃ সেলিমা আখতার জানান, X-Ray মেশিন টি পূর্বের ন্যায় অচল অবস্থায় আছে। নতুন X-Ray মেশিন পাওয়া গেলে সত্বর যাতে চালু করা যায় সেজন্য X-Ray রুমটি প্রস্তুত রাখা হয়েছে। বিষয়টি উর্দ্ধতন কর্তৃপক্ষকে চাহিদাপত্রসহ অবহিত করনপত্র প্রেরন করা হয়েছে। সভাপতি মহোদয় জনস্বার্থ বিবেচনায় বিষয়টি সমাধানের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করনসহ মাননীয় সংসদ সদস্য মহোদয়ের মাধ্যমে একটি X-Ray মেশিন সংগ্রহের প্রযোজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত প্রদান করেন।

**০৩। নিয়ন সাইন স্থাপন সংক্রান্ত ঃ** উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা ও সদস্য সচিব সভায় প্রধান ফটকে সকলের দৃষ্টি গোচরের জন্য নিয়ন সাইন স্থাপনের জন্য প্রস্তাব উত্থাপন করেন। বিষয়টি সর্ব সম্মতিক্রমে উপজেলা হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভায় উত্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

**০৪। পরিবার পরিকল্পনা সংক্রান্ত ঃ** মোছাঃ লতিকা ইয়াসমিন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভারঃ) জানান উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কাজ অত্র উপজেলায় সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। বর্তমানে উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের অফিস কক্ষে কোন টয়লেট নাই । তিনি অফিস কক্ষে একটি টয়লেট নির্মান ও অফিসের সামনে শেড নির্মানের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন। সভাপতি মহোদয় বিষয়টি উপজেলা পরিষদের সমন্বয় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত প্রদান করেন।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের জন্য আন্তরিক হওয়ার আহ্বান জানিয়ে এবং সকলের সু-স্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৪/৭/২০২৩

(মোঃ আঃ সালাম)
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও সভাপতি
স্বাস্থ্য ও পরিবার কল্যান সংক্রান্ত স্থায়ী কমিটি
জীবননগর, চুয়াডাঙ্গা।

স্মারকনং-ইউ এইচ সি/জীবন/চুয়া/২০২৩/ ৫৩০/(৭) তারিখঃ- ২৪/০৭/২০২৩ ইং।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হইল ঃ-

০১। সিভিল সার্জন, চুয়াডাঙ্গা।
০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৪। মেয়র, জীবননগর পৌরসভা, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, জীবননগর থানা, চুয়াডাঙ্গা।
০৬। ......................................সদস্য, স্বাস্থ্য ও পরিবার কল্যান সংক্রান্ত স্থায়ী কমিটি, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৭। সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চুয়াডাঙ্গা।
০৮। অফিস নথি।

24.7.23

(ডাঃ সেলিমা আখতার)
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা
ও সদস্য সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যান সংক্রান্ত স্থায়ী কমিটি।
জীবননগর, চুয়াডাঙ্গা।

২৪/০৭/২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার কার্যালয়
জীবননগর, চুয়াডাঙ্গা।
**Jibannagar @uhfpo.dghs.gov.bd**

স্মারকনং- ইউএইচসি/জীবন/চুয়া/২০২৩/ তারিখঃ- ১৮/০৭/২০২৩ ইং।

প্রতি,

.................................................................

.................................................................

জীবননগর, চুয়াডাঙ্গা।

বিষয়ঃ- উপজেলা পরিষদের স্বাস্থ্য ও পরিবার কল্যান সংক্রান্ত স্থায়ী কমিটির সভায় অংশ গ্রহন প্রসঙ্গে।

উল্লেখিত বিষয়ের আলোকে জানানো যাইতেছে যে, আগামী ২৪/০৭/২০২৩ ইং তারিখ রোজ সোমবার বেলা ১১.০০ ঘটিকায় জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মোঃ আঃ সালাম - এর সভাপতিত্বে নিম্নস্বাক্ষরকারীর সভা কক্ষে স্বাস্থ্য ও পরিবার কল্যান সংক্রান্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হইবে।

উক্ত সভায় উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হইল।

(ডাঃ সেলিমা আখতার)
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা
জীবননগর, চুয়াডাঙ্গা।

স্মারকনং- ইউএইচসি/জীবন/চুয়া/২০২৩/ তারিখঃ- ১৮/০৭/২০২৩ ইং।
অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হইলঃ
০১। সিভিল সার্জন, চুয়াডাঙ্গা।
০২। চেয়ারম্যন, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর চুয়াডাঙ্গা।
০৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৫। অফিস নথি।

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা
জীবননগর, চুয়াডাঙ্গা।

**স্বাস্থ্য ও পরিবার কল্যান সংক্রান্ত স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর**
**উপজেলা ঃ জীবননগর, জেলাঃ চুয়াডাঙ্গা।**
**(পরিশিষ্ট- 'ক')**

সভার স্থান ঃ উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার কার্যালয়,জীবননগর, চুয়াডাঙ্গা।

তারিখঃ ২৪/০৭/২০২৩ খ্রী. রোজঃ সোমবার সময় ঃ বেলা ১১:০০ ঘটিকা

| ক্রমিক নং | নাম | পদবী | মোবাইল নং | পদ | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০১ | মোঃ আঃ সালাম | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ জীবননগর, চুয়াডাঙ্গা। | ০১৭১৪-৪৪৩৯৬১ | সভাপতি | |
| ০২ | মোঃ শফিকুল ইসলাম | চেয়ারম্যান, আন্দুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদ জীবননগর, চুয়াডাঙ্গা। | ০১৯৩৫-৫০৬৮৬৩ | সদস্য | |
| ০৩ | মোঃ ইসাবুল ইসলাম | চেয়ারম্যান, সীমান্ত ইউনিয়ন পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা। | ০১৭১১-২৮০৩১১ | সদস্য | |
| ০৪ | মোছাঃ লতিকা ইয়াসমিন | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভারঃ) জীবননগর, চুয়াডাঙ্গা। | ০১৭১২-৬৪৯৬০৫ | সদস্য | |
| ০৫ | ডাঃ সেলিমা আখতার | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা জীবননগর, চুয়াডাঙ্গা । | ০১৭৪৯-৬৩১৩৭৫ | সদস্য-সচিব | |